# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৬৩. অসুস্থ ভাইয়ের খোঁজ খবর নেয়া

বারাআ ইবনু আযিব (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ (সা.) আমাদেরকে সাতটি কাজের নির্দেশ দিয়েছেন এবং সাতটি কাজ থেকে বিরত থাকতে বলেছেন,

أمرنا بعيادة المرضى واتباع الجنائز ورد السلام وتشميت العاطس وابرار القسم ونصر المظلوم واجابة الداعى

ونهانا حلقة الذهب أو قال خاتم الذهب وانية الذهب والفضة والميثرة والقسى والإستبرق والحرير والديباج

তিনি আমাদের নির্দেশ দিয়েছেন, রোগীর খোঁজখবর নিতে, জানাযার সাথে যেতে, সালামের জবাব দিতে, হাঁচিদাতার হাঁচির জবাব দিতে, শপথ পূরণ করতে, মযলুমের সাহায্য করতে এবং দাওয়াত কবুল করতে। আর নিষেধ করেছেন, সোনার আংটি, সোনা রূপার পাত্র ব্যবহার করতে, মায়াসির (এক প্রকার নরম রেশমী কাপড়), কাসসী (রেশম মিশ্রিত মিসরী এক জাতীয় কাপড়) ব্যবহার করতে, মিহি রেশমী কাপড়, মোটটা রেশমী কাপড় এবং খাঁটি রেশমের তৈরী কাপড় পরতে।[১]

ছাওবান (রাঃ) থেকে বর্ণিত হাদীসে বলা হয়েছে

عائد المريض في خرفة الجنة حتى يرجع

‘যদি কেউ অসুস্থ কোনো ব্যক্তিকে দেখতে যায় সে ফিরে না আসা পর্যন্ত জান্নাতের ফল সগ্রহ করতে থাকে।[২]

## ফুটনোট

[১]. ২৪১. সহীহ্ আল বুখারী; সহীহ মুসলিম (হাদীস-৫২১৫); সুনানু আবী দাউদ।

[২]. সহীহ মুসলিম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12361

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন